

ফরাসী বিপ্লব

4th sem. Short question & answer.

1. বাস্তিল (Bastille) কী ?

উঃ- বাস্তিল হল ফ্রান্সের একটি কুখ্যাত দুর্গ।

2. কবে বাস্তিল দুর্গের পতন হয় ?

উঃ- ১৭৮৯ খ্রিস্টাব্দের ১৪ জুলাই বাস্তিল দুর্গের পতন হয়।

3. জাতীয় সভার নতুন নাম কী ?

উঃ- জাতীয় সভার নতুন নাম সংবিধান সভা।

4. জাতীয় সভাকে সংবিধান সভা' বলা হয় কেন?

উঃ- ১৭৮৯ খ্রিস্টাব্দের ৯ জুলাই জাতীয় সভা ফ্রান্সের জন্য সংবিধান রচনার দায়িত্ব পেয়েছিল। সেজন্য জাতীয় সভাকে

সংবিধান সভা বলা হয়।

5. 'সিভিল লিস্ট' কী ?

উঃ- ফ্রান্সের সংবিধান সভা রাজপরিবারের বার্ষিক ব্যয় বরাদ্দের যে তালিকা নির্দিষ্ট করে দিয়েছিল তা 'সিভিল লিস্ট' নামে পরিচিত ছিল।

6. ফরাসি সংবিধান সভা কবে সামন্ততন্ত্রের (Feudalism) বিলোপ ঘোষণা করে?

উঃ- ফরাসি সংবিধান সভা ১৭৮৯ খ্রিস্টাব্দের ৪ আগস্ট সামন্ততন্ত্রের বিলোপ ঘোষণা করে।

7. ফরাসি সংবিধান সভা কবে মানুষ ও নাগরিকের অধিকার ঘোষণা করে?

উঃ- ফরাসি সংবিধান সভা ১৭৮৯ খ্রিস্টাব্দের ২৬ আগস্ট মানুষ ও নাগরিকের অধিকার ঘোষণা করে।

8. সংবিধান সভা ফ্রান্সের নাগরিকদের কী কী ভাগে বিভক্ত করেছিল?

উঃ- সংবিধান সভা স্থায়ী সম্পত্তির ভিত্তিতে ফ্রান্সের নাগরিকদের সক্রিয়' ও 'নিষ্ক্রিয়'
-এই দুভাগে বিভক্ত করেছিল।

9. সংবিধান ফরাসি রাজতন্ত্রের কী পরিবর্তন করে ?

উঃ- সংবিধান ফরাসি রাজতন্ত্রের একচ্ছত্র স্বেরাচারী শাসনের অবসান ঘটায়।

10. মিরাবো কে ছিলেন?

উঃ- সংবিধান সভার কার্যকালে বিপ্লবী নেতা ছিলেন মিরাবো।

11. ম্যাসাইনেট (Assignats) কী ?

উঃ- অ্যাসাইনেট' হল ফ্রান্সে প্রচলিত এক ধরনের কাগজের নোট।